তারিখ 27 AUG 1990
পৃষ্ঠা ২ কলাম ৬

দৈনিক খবর

20

# ঢাকা কলেজ এলাকায় বিক্ষোভ ।। ভাঙচুর

।। স্টাফ রিপোর্টার ।।

বাস দুর্ঘটনায় ঢাকা কলেজের একজন ছাত্রের মৃত্যুকে কেন্দ্র করে গতকাল রোববার ঢাকা কলেজ এলাকায় ব্যাপক বিক্ষোভ ও কয়েকটি গাড়ী ভাঙচুর হয়েছে। নিহত ছাত্রের লাশ ময়না তদন্ত ছাড়াই বাড়িতে পাঠানো হয়েছে।

জানা গেছে, গত শনিবার রাত সোয়া ৮টায় মিরপুর রোডে গ্রীন্ডলেজ ব্যাংকের সামনে একটি মিনিবাস (ঢাকা মেট্রো-চ-৫৬৩১) নিয়ন্ত্রণ হারিয়ে

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## ঢাকা কলেজ

প্রথম পৃষ্ঠার পর

উল্টে গেলে ঢাকা কলেজের বি কম প্রথম বর্ষের ছাত্র শহীদুল্লাহ (১৮) গুরুতর আহত হয়। তাকে পঙ্গু হাসপাতালে ভর্তি করা হয় এবং শনিবার রাতেই হাসপাতালে তার মৃত্যু হয়। ঐ মৃত্যুর খবর কলেজে পৌছানোর পরে গতকাল সকাল থেকে ছাত্ররা বিক্ষোভে ফেটে পড়ে এবং সকালে বিক্ষুব্ধ ছাত্ররা বিক্ষোভকালে কলেজ সংলগ্ন রাস্তায় কিছু গাড়ির ক্ষতিসাধন করে।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায় এবং সায়েন্স ল্যাবরেটরীর মোড়ে ব্যাপক পুলিশ মোতায়েন করে রাস্তা বন্ধ করে দেয়া হয়। এ অবস্থায় ছাত্ররা কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করতে থাকে। একপর্যায়ে কলেজের অধ্যক্ষ ও ছাত্র নেতৃবৃন্দের মধ্যে আলাপ-আলোচনার প্রেক্ষিতে পরিস্থিতি শান্ত হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, নিহত ছাত্র শহীদুল্লাহর বাড়ি নড়াইলে। তার পিতার নাম মৃত গোলাম সারোয়ার। নিহত শহীদুল্লাহর বড় ভাই গতকাল সকালে পঙ্গু হাসপাতালে গিয়ে ময়না তদন্ত ছাড়াই তার ভাই-এর লাশ দেয়ার জন্য অনুরোধ জানান এবং এ অনুরোধের প্রেক্ষিতে তার কাছে লাশ হস্তান্তর করা